# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

**প্রধান কার্যালয়**

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।


কৃষি ঋণ বিভাগ-১
(পলিসি এন্ড রেগুলেশন উইং)

সূত্র নং: এসিডি-১(পলি)৩৬/২০২৬-১৬৭৬

তারিখ: ০৭ জুলাই ২০২৬।

মহাপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
খামারবাড়ী, ফার্মগেট
ঢাকা-১২১৫।

**২০২৬-২০২৭ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে শিমুল মূল, অশ্বগন্ধা, মিশ্রি দানা, রোজেলা, শতমূল, গাছ আলু, ব্লুবেরি ফল চাষ এবং ডিমের খোসা দিয়ে জৈব সার উৎপাদনের ঋণ নিয়মাচার অন্তর্ভুক্তকরণ প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিবছর কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচি প্রণয়ন করা হয়। উক্ত নীতিমালা ও কর্মসূচিতে কৃষি খাতের জন্য সম্ভাবনাময় বিভিন্ন ফসল অন্তর্ভুক্তকরত এ সকল খাতে পর্যাপ্ত ঋণ প্রবাহ নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংকসমূহকে প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদান করা হয়ে থাকে।

প্রসঙ্গত উল্লেখ্য যে, দেশের বিভিন্ন স্থানে বর্তমানে শিমুল মূল, অশ্বগন্ধা, মিশ্রি দানা, রোজেলা, শতমূল, গাছ আলু, ব্লুবেরি ফল এবং ডিমের খোসা দিয়ে জৈব সার উৎপাদনের মাধ্যমে কৃষকগণ লাভবান হচ্ছেন। এপ্রেক্ষিতে, উল্লিখিত সম্ভাবনাময় নতুন ফসল/ফল/সার এর উৎপাদন এবং চাষ পদ্ধতি ২০২৬-২০২৭ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচিতে অন্তর্ভুক্তির লক্ষ্যে প্রয়োজনীয় ঋণ নিয়মাচার (Credit Norms) ও উৎপাদন পঞ্জিকা (Crop Calendar) জরুরি ভিত্তিতে এ বিভাগে প্রেরণের জন্য (সফট কপি mrh.roky@bb.org.bd এবং rifat.alam@bb.org.bd ইমেইলে) অনুরোধ জানানো হলো।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ পত্র প্রেরিত হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সরেজমিন উইং
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫
www.dae.gov.bd

স্মারক নং-১২.০১.০০০০.১৫৭.৯৯.০০২.১৯/২২-২৩ (২৪)২৫/৭৮৮

তারিখ: ০৮/০৭/২৫

কার্যার্থে অনুলিপিঃ
১ অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সকল অঞ্চল।

সংযুক্তি: বর্ণনামতে

২০২৬-২০২৭ অর্থবছরের একটি কার্যকর কৃষি ও পল্লী ঋন নীতিমালা ও কর্মসূচিতে শিমুল মূল, অশ্বগন্ধা, মিশ্রি দানা, রোজেলা, শতমূল, গাছ আলু, ব্লুবেরি ফল চাষ এবং ডিমের খোসা দিয়ে জৈব সার উৎপাদনের ঋন নিয়মাচার অন্তর্ভুক্তকরনের লক্ষ্যে সংযুক্ত ছক মোতাবেক তথ্য আগামী ১৩/০৭/২০২৬ তারিখের মধ্যে (Nikosh Front 12) এ ddcoordination@dae.gov.bd মেইলে প্রেরন করার জন্য বলা হল।

পরিচালক
ফোন:৫৫০২৮৪০৩
মেইল: dfsw@dae.gov.

জ্ঞাতার্থে অনুলিপিঃ
১। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫

স্মারক নং ১৬৮৭
বরাবর

তারিখ: ০৯/০৭/২৬

উপজেলা কৃষি অফিসার, সদর/কাজিপুর/রায়গঞ্জ/তাড়াশ/উল্লাপাড়া/শাহজাদপুর/বেলকুচি/কামারখন্দ/চৌহালী, সিরাজগঞ্জ। পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

উপপরিচালক
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর
সিরাজগঞ্জ।